



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/ময়মন/২০১৯/২২৩৩

তারিখঃ ১৩/০২/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ কারণ দর্শানো জবাব প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ-এর স্মারক নং- ০৫.৪৫.০০০০.০১৩.২৭.০০২.১৯.০৭ তারিখঃ  
০৬/০২/২০২০ খ্রিঃ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন “শম্ভুগঞ্জ ইউ. সি. উচ্চ বিদ্যালয়” এ ম্যানেজিং কমিটির সভাপতিসহ সদস্যদের বিরুদ্ধে বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগে ঘুষ গ্রহণ ও অন্যান্য আর্থিক দুর্নীতির অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগে নিম্নরূপ তথ্যাদির বিষয়ে উল্লিখিত হয়েছেঃ

ক) বিদ্যালয়ে প্রধান শিক্ষকের শূন্য পদে লোক নিয়োগের জন্য ইতোপূর্বে একাধিকবার নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। নিয়োগ কমিটি কর্তৃক যোগ্য প্রার্থী বাছাইপূর্বক নিয়োগের জন্য সুপারিশ করা হলেও ম্যানেজিং কমিটির সভাপতিসহ কয়েকজন সদস্যের পছন্দ মারফিক না হওয়ার অজুহাতে তাদের নিয়োগ দেওয়া হয়নি। সর্বশেষ ২৪/১২/২০১৯ খ্রিঃ তারিখের নিয়োগ পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত প্রার্থী শহিদুল ইসলামকে নিয়োগের জন্য নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। উক্ত প্রার্থী তাদের পছন্দের লোক না হওয়ায় ম্যানেজিং কমিটির সভাপতিসহ অধিকাংশ সদস্য প্রথম থেকেই উক্ত প্রার্থীর নিয়োগে বিরোধিতাসহ কালক্ষেপন করতে থাকে। অতঃপর কঠিন কিছু শর্ত দিয়ে উক্ত প্রার্থীর নামে নিয়োগপত্র ইস্যু করে অতি অল্প সময়ের নেটিশে তাকে যোগদানের নির্দেশনা দেয়া হয়। নির্ধারিত তারিখে উক্ত প্রার্থী যোগদানের জন্য হাজির হলেও বিলম্বের অজুহাতে ম্যানেজিং কমিটি তাঁর যোগদানপত্র গ্রহণ না করে বরং তড়িঘড়ি করে ম্যানেজিং কমিটির সভা ডেকে দ্বিতীয় স্থান অধিকারী প্রার্থীকে নিয়োগ প্রদান করে। উল্লেখ্য যে, দ্বিতীয় স্থান অধিকারী প্রার্থীকে নিয়োগের বিষয়ে নিয়োগ/বাছাই কমিটির কোন সুপারিশ ছিল না।

খ) দুর্নীতির প্রমাণক হিসেবে অডিও রেকর্ডিং পাওয়া গিয়েছে মর্মে অভিযোগ পত্রে উল্লিখিত আছে।

এমতাবস্থায়, উল্লিখিত বিধি বহির্ভূত কর্মকান্ড পরিচালনার জন্য ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৩৮(১) অনুসারে কেন কমিটি ভেঙে দেয়া হবে না বা সভাপতির সদস্যপদ বাতিল করা হবে না তা এ পত্র ইস্যুর তারিখ হতে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

প্রাপকঃ সভাপতি, ম্যানেজিং কমিটি

শম্ভুগঞ্জ ইউ. সি. উচ্চ বিদ্যালয় (EIN: 111855)

উপজেলাঃ ময়মনসিংহ সদর, জেলাঃ ময়মনসিংহ।

মেমো নং- ২২৩৩(৬)

তারিখঃ ১৩/০২/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ।
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি (স্থগিতকৃত), শম্ভুগঞ্জ ইউ. সি. উচ্চ বিদ্যালয়,  
উপজেলাঃ সদর, জেলাঃ ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

*[Signature]*

13.02.2020

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

*[Signature]*